বাংলা

# পুরুষ ও উপসর্গ-অনুসর্গ

# পুরুষ (Person)

'আমি বা তুমি যত চেষ্টাই করি না কেন, সুমনের রাগ কিছুতেই কমবে না।'

উপরের বাক্যে তিন ধরনের ব্যক্তির কথা রয়েছে। আমি, তুমি আর অঙ্কন। এই তিনজনের ভূমিকা তিন রকম। 'আমি' এখানে বক্তা, 'তুমি' শ্রোতা এবং সুমন বক্তাও নয় আবার শ্রোতাও নয়। কিন্তু তার সম্পর্কে কথাটি বলা হয়েছে। তাহলে বলা যেতে পারে যে, এই বাক্যে বা ভাষার মধ্যে যত বাক্য ব্যবহার করা হয়, সেখানে তিন ধরনের পুরুষ বা পক্ষ বা ব্যক্তির কথা থাকে।

**পুরুষের সংজ্ঞাঃ**
যে সর্বনাম বা বিশেষ্য পদের দ্বারা বক্তা, শ্রোতা বা অন্য কোন উদ্দিষ্ট ব্যক্তিকে চিহ্নিত করা হয় তাকেই পুরুষ বলে।
পুরুষ শব্দটি অর্থ হল ক্রিয়ার আশ্রয়। ব্যাকরণে 'পুরুষ' কথাটির সঙ্গে স্ত্রী–পুরুষ লিঙ্গবোধের কোন সম্পর্ক নেই। এটি একটি পরিভাষিক নামমাত্র।

জেনে রাখা ভালোঃ

- পুরুষ ব্যাকরণের শব্দতত্ত্ব বা রূপতত্ত্ব ভাগে আলোচনা হয়
- পুরুষের অপর নাম পক্ষ। তিনটি পক্ষ হল: বক্তাপক্ষ, শ্রোতাপক্ষ ও অন্যপক্ষ।
- বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়ার পুরুষ আছে।
- বিশেষণ ও অব্যয়ের পুরুষ নাই।
- শুধু সমাপিকা ক্রিয়া গঠনে পুরুষের ভূমিকা থাকে।
- পুরুষবাচক ক্রিয়াবিভক্তির মাধ্যমে সমাপিকা ক্রিয়াতে পুরুষের পরিচয় প্রকাশ পায়। যেমনঃ আমি যাবো। সে যাবে।

বক্তা অর্থাৎ আমি, শ্রোতা অর্থাৎ তুমি, এবং উদ্দিষ্ট ব্যক্তি অর্থাৎ সে। সুতরাং ব্যাকরণে পুরুষ তিন প্রকার। যথাঃ

## ১. উত্তম পুরুষ বা বক্তাপক্ষ (First Person):

স্বয়ং বক্তাই উত্তম পুরুষ। অর্থাৎ বক্তা নিজের নামের পরিবর্তে যে সর্বনাম ব্যবহার করেন তাকেই উত্তম পুরুষ বা বক্তাপক্ষ বলে। যেমনঃ আমি, আমরা, আমাকে, আমাদের ইত্যাদি সর্বনাম শব্দ উত্তম পুরুষ।
উত্তম পুরুষের কোন সম্ভ্রমসূচক বা তুচ্ছার্থক রূপ নেই।

বাক্যে উত্তম পুরুষের উদাহরণঃ

- আমি প্রতিদিন স্কুলে যাই।
- আমাকে মা একটা চকলেট কিনে দিয়েছেন।
- আমরা বিকালে মাঠে খেলা করি।
- আমাদের বাড়ির সামনে একটা দোকান আছে।

সাধু গদ্যে অথবা কবিতায় উত্তম পুরুষের উদাহরণঃ

- "মোর কী ভাবনারে কী হাওয়ায় মাতালো.." ---(রবীন্দ্রনাথ ঠাকুর)
- "আমারে তুমি অশেষ করেছ, এমনি লীলা তব..." --- (রবীন্দ্রনাথ ঠাকুর)
- "মোদের মাঝে মুক্তি কাঁদে বিংশ শতাব্দীর।" ---(কাজী নজরুল ইসলাম)

## ২. মধ্যম পুরুষ বা শ্রোতাপক্ষ (Second Person):

প্রত্যক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তি বা শ্রোতাই মধ্যম পুরুষ। অর্থাৎ বক্তা সম্মুখস্থ কাউকে কিছু বলবার সময় সে ব্যক্তির নামের পরিবর্তে যে সর্বনাম ব্যবহার করেন তাকেই বলে মধ্যম পুরুষ। যেমনঃ তুমি, তোমরা, তোমাকে, তোমাদের, তোমাদিগকে, আপনি, আপনারা, আপনার, আপনাদের প্রভৃতি সর্বনাম শব্দ মধ্যম পুরুষ। মধ্যমপুরুষের সাধারণ (তুমি, তোমরা ইত্যাদি), সম্ভ্রমসূচক (আপনি, আপনারা ইত্যাদি) বা তুচ্ছার্থক (তুই, তোরা ইত্যাদি) রূপ রয়েছে। প্রতিটি রূপভেদে ক্রিয়ার পরিবর্তন হয়।

বাক্যে মধ্যম পুরুষের উদাহরণঃ

- তুমি সকালে আমাদের বাড়িতে এসো।
- তোমরা মনোযোগ দিয়ে পড়াশুনা করো।
- তোমাকে টাকাটা ফেরত দিতে হবে না।
- তোমার ঠিকানাটা তো এখনও জানা হয়নি।
- তোমাদের পরীক্ষা কেমন হয়েছে?

বাক্যে মধ্যম পুরুষের উদাহরণঃ

- তুমি সকালে আমাদের বাড়িতে এসো।
- তোমরা মনোযোগ দিয়ে পড়াশুনা করো।
- তোমাকে টাকাটা ফেরত দিতে হবে না।
- তোমার ঠিকানাটা তো এখনও জানা হয়নি।
- তোমাদের পরীক্ষা কেমন হয়েছে?

### ৩. প্রথম বা নাম পুরুষ বা অন্যপক্ষ (Third Person):

অনুপস্থিত অথবা পরোক্ষভাবে উদ্দিষ্ট ব্যক্তি, বস্তু বা প্রাণীই নাম পুরুষ। অর্থাৎ অনুপস্থিত কোনো ব্যক্তি বা দূরের কোন বস্তুর সম্বন্ধে কিছু বলবার সময় সেই ব্যক্তি বা নামের পরিবর্তে যে সর্বনাম বা বিশেষ্য পদ ব্যবহার করা হয় তাকেই প্রথম পুরুষ বলে। নাম পুরুষের সাধারণ (সে, তারা ইত্যাদি) এবং সম্ভ্রমসূচক (তিনি, তাঁরা ইত্যাদি) রূপ রয়েছে। যেমনঃ

- সর্বনামঃ সে, তারা, তাহারা, তাদের, তাহাকে, তিনি, তাঁকে, তাঁরা, তাঁদের ইত্যাদি।
- বিশেষ্যঃ রাম, শ্যাম, অঙ্কন, অজয়, লক্ষন, সীতা, সুমন ইত্যাদি।

বাক্যে প্রথম বা নাম পুরুষের উদাহরণঃ

- সুমন ভালো গাইতে জানে।
- ওরা রাজশাহীতে থাকে।
- ওদের বাড়িতে আমি অনেকবার গিয়েছি।
- ওঁর মা শিক্ষকতা করেন।
- তিনি প্রচুর উপন্যাস পড়েন।

**পুরুষ ও বচনভেদে সর্বনাম রুপের পার্থক্য**

| পুরুষ | একবচন | বহুবচন |
|---|---|---|
| উত্তম পুরুষ | আমি (মুই) | আমরা, মোরা |
| মধ্যম পুরুষ | তুমি, তুই, আপনি | তোমরা, তোরা, আপনারা |
| নাম পুরুষ | সে, তিনি, এ, ও, ইনি, উনি, এবং যে কোনো বিশেষ্য পদ | তারা, তাঁরা, ওরা, ওঁরা, এরা, এঁরা, এবং যে কোনো বিশেষ্য পদ |

**পুরুষভেদে ক্রিয়ার রূপের পার্থক্য**

| পুরুষ | সাধারণ | সম্ভ্রমাত্মক | তুচ্ছার্থক/ঘনিষ্ঠার্থক |
|---|---|---|---|
| উত্তম পুরুষ | আমি যাই | – – | – – |
| মধ্যম পুরুষ | তুমি যাও, তোমরা যাও | আপনি যান,আপনারা যান | তুই যা, তারো যা |
| নাম পুরুষ | সে যায়, তাঁরা যায় | তিনি যান,তাঁরা যান | এটা যায়, এগুলো যায় |

## Exercise: পুরুষ পরিবর্তন

১. মাটির কড়াইতে মাছের ঝোল রাঁধে। (উত্তম পুরুষ)
উত্তর: মাটির কড়াইতে মাছের ঝোল রাঁধি।

২. ভেবে পাই না মাঝিরা নৌকা নিয়ে চলেছে কোন দিকে। (প্রথম পুরুষ)
উত্তর: ভেবে পায় না মাঝিরা নৌকা নিয়ে চলেছে কোন দিকে।

৩. বসে বসে দেখি। (প্রথম পুরুষ ও মধ্যম পুরুষ)
উত্তর: বসে বসে দেখে। (প্রথম পুরুষ)
বসে বসে দেখো। (মধ্যম পুরুষ)

৪. যে যার বাড়ি ফিরে যায়। (উত্তম পুরুষ)
উত্তর: যে যার বাড়ি ফিরে যাই।

৫. পোলাপান লইয়্যা খাইও তুমি বাড়িতে গিয়া। (উত্তম পুরুষ)
উত্তর: পোলাপান লইয়্যা খাইবো মুই বাড়িতে গিয়া

৬. রানি রাজশাহী যাও? (প্রথম পুরুষ)
উত্তর: রানি রাজশাহী যায়?

৭. এখন আর কোনো কথা মনে নেই তাঁর । (মধ্যম পুরুষ)
উত্তর: এখন আর কোনো কথা মনে নেই আপনার।

৮. অতি দ্রুত তোমার চলার গতি। (প্রথম পুরুষ)
উত্তর: অতি দ্রুত তার চলার গতি।

৯. দুই পা একটু হাঁটি। (প্রথম পুরুষ)
উত্তর: দুই পা একটু হাঁটে।

১০. 'বদর বদর হৈ' বলে নৌকোয় পাল তুলে দেয়। (উত্তম পুরুষ)
উত্তর: 'বদর বদর হৈ' বলে নৌকায় পাল তুলে দিই।

## অনুশীলন

১.যেকোনো বিশেষ্য পদ কোন পুরুষ?
ক) উত্তম পুরুষ
খ) মধ্যম পুরুষ
গ) মধ্যম ও নাম পুরুষ
ঘ) নাম পুরুষ

২.পুরুষ কয় প্রকার?
ক) ৪
খ) ৬
গ) ৩
ঘ) ২

৩.ব্যাকরণে পুরুষ কাকে বলে?
ক) সর্বনামের বিভিন্ন প্রকৃতিকে
খ) বিশেষ্য ও সর্বনামের বিভিন্ন প্রকৃতিকে
গ) বিশেষ্যের বিভিন্ন প্রকৃতিকে
ঘ) অব্যয়ের বিভিন্ন প্রকৃতিকে

৪.প্রত্যক্ষভাবে শ্রোতাকে বলে___?
ক) উত্তম পুরুষ
খ) মধ্যম পুরুষ
গ) নাম পুরুষ
ঘ) প্রথম পুরুষ

৫.করেছে, করেছো, করেছেন বাংলা ক্রিয়ার রূপ কি ভেদে?
ক) লিঙ্গ ভেদে
খ) মর্যাদা ভেদে
গ) বচন ভেদে
ঘ) পদ ভেদে

৬.মুই, মোরা, মোদের কোন পুরুষ?
ক) উত্তম পুরুষ
খ) মধ্যম পুরুষ
গ) নাম পুরুষ
ঘ) প্রথম পুরুষ

৭.তুচ্ছার্থকভেদে মধ্যম পুরুষ কোনটি?
ক) তুমি
খ) আপনি
গ) আমরা
ঘ) তোরা

৮.কোন কোন পদের পুরুষ নেই?
ক) বিশেষ্য ও সর্বনাম
খ) বিশেষ্য ও ক্রিয়ার
গ) বিশেষণ ও অব্যয়ের
ঘ) ক ও খ দুটিই সঠিক

৯.ওরা ঢাকাতে থাকে। 'ওরা' কোন পুরুষ?
ক) উত্তম পুরুষ
খ) মধ্যম পুরুষ
গ) নাম পুরুষ
ঘ) কোনটিই নয়

১০.রুমি, সুমি, জনি কোন পুরুষ?
ক) উত্তম পুরুষ
খ) মধ্যম পুরুষ
গ) নাম পুরুষ
ঘ) কোনো পুরুষই না

১১.তাঁদের, এঁ, এঁরা, এঁর, এঁদের, ওঁ, ওঁরা, ওঁর, ওঁদের ইত্যাদি কোন পুরুষ ও কি রুপ ভেদ?
ক) উত্তম পুরুষ ও সাধারণ ভেদ
খ) নাম পুরুষ ও সম্ভ্রমসূচক ভেদ
গ) মধ্যম পুরুষ ও সাধারণ ভেদ
ঘ) প্রথম পুরুষ ও তুচ্ছ ভেদ

১২.সুমি রাজশাহী যাও?
(প্রথম পুরুষে পরিবর্তন করো)
ক) সুমি রাজশাহী যাই?
খ) সুমি রাজশাহী যায়?
গ) তুমি রাজশাহী যাও?
ঘ) আমি রাজশাহী যাই?

১৩.সম্ভ্রমসূচক নাম পুরুষ কোনগুলো?
ক) আপনি, আপনারা
খ) তিনি, তাঁরা
গ) আমি, আমরা
ঘ) সে, তারা

১৪.উত্তম পুরুষ বা বক্তাপক্ষের রূপ শুধু কোন ভেদে হয়?
ক) সাধারণ
খ) তুচ্ছার্থক
গ) সম্মানার্থে
ঘ) ঘনিষ্টার্থে

১৫.বক্তা পক্ষকে বলে___?
ক) উত্তম পুরুষ
খ) মধ্যম পুরুষ
গ) নাম পুরুষ
ঘ) প্রথম পুরুষ

১৬.পুরুষ ব্যাকরণের কোন ভাগে আলোচনা হয়?
ক) ধ্বনিতত্ত্বে
খ) শব্দতত্ত্বে
গ) বাক্যতত্ত্বে
ঘ) শব্দতত্ত্ব বা রূপতত্ত্বে

১৭.“আমারে তুমি অশেষ করেছ, এমনি লীলা তব...” (রবীন্দ্রনাথ ঠাকুর)। এখানে 'আমারে' কোন পুরষ?
ক) উত্তম পুরুষ
খ) মধ্যম পুরুষ
গ) নাম পুরুষ
ঘ) প্রথম পুরুষ

১৮.তুচ্ছার্থক/ঘনিষ্ঠার্থক ভেদে কোনটি মধ্যম পুরুষ?
ক) তোমরা
খ) আপনারা
গ) তোরা
ঘ) তুমি

১৯.ব্যাকরণে পঠিত 'পুরুষ' - এর ইংরেজি অর্থ কোনটি?
ক) Gender
খ) Masculine
গ) Man
ঘ) Person

২০.তোমরা, আপনারা কোন পুরুষের কোন বচন?
ক) মধ্যম পুরুষের বহুবচন
খ) মধ্যম পুরুষের একবচন
গ) উত্তম পুরুষের বহুবচন
ঘ) নাম পুরুষের একবচন

# অনুসর্গ ও উপসর্গ

## অনুসর্গ

বাংলা ভাষায় যে অব্যয় শব্দগুলো কখনো স্বাধীন পদ রূপে আবার কখনো শব্দ বিভক্তির ন্যায় বাক্যে ব্যবহৃত হয়ে বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করে তাদের অনুসর্গ বা কর্মপ্রবচনীয় বলে।

- অনুসর্গগুলো মূলত অব্যয় শব্দ। এদের অর্থ আছে।
- এগুলো স্বাধীন পদ হিসেবে অথবা বিভক্তি হিসেবে ব্যবহৃত হতে পারে।
- অনুসর্গগুলো প্রাতিপদিকের পরে বা ‘কে’ ও ‘রে বিভক্তিযুক্ত শব্দের পরে বসে।

| | |
|---|---|
| বিনা | দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে? (প্রাতিপদিকের পরে) |
| সনে | ময়ূরীর সনে নাচিছে ময়ূর। (ষষ্ঠী বিভক্তিযুক্ত শব্দের পরে) |
| দিয়ে | তোমাকে দিয়ে আমার চলবে না। (দ্বিতীয়ার ‘কে’ বিভক্তিযুক্ত শব্দের পরে) |

**এক নজরে অনুসর্গঃ**

- 'অনু' অর্থ পরে বা পশ্চাতে, আর 'সর্গ' অর্থ সৃষ্টি বা ব্যবহার।
- অনুসর্গ বলতে বোঝায় ‘যা পরে ব্যবহৃত হয়’।
- অনুসর্গ বাংলা ভাষায় সহায়ক শব্দ হিসেবে ব্যবহৃত হয়।
- অনুসর্গকে পরসর্গ বা কর্মপ্রবচনীয় শব্দও বলা হয়।
- ব্যাকরণে বাক্যতত্ত্ব বা পদক্রমে ভাগে আলোচনা হয়।

**অনুসর্গের বৈশিষ্ট্যঃ**

১. অনুসর্গ অব্যয় পদ। এগুলোর অর্থ আছে।
২. অনুসর্গ শব্দের পরে বসে ওই শব্দের সঙ্গে পরবর্তী শব্দের সম্পর্ক সৃষ্টি করে।
৩. বিভক্তি দিয়ে যেমন কারক চেনা যায়, তেমনি অনুসর্গ দিয়েও কারক চেনা যায়।
৪. অব্যয়গুলোর নিজস্ব অর্থ থাকায় সেগুলো পৃথকভাবে ব্যবহূত হলে অনুসর্গ হয় না।
৫. অনুসর্গ বিভক্তির মতো কাজ করে।
৬. কতগুলো অনুসর্গ শব্দ-বিভক্তির মতো ব্যবহূত হয়ে কারক নির্ণয়ে সাহায্য করে। এগুলো হচ্ছে – হইতে, হতে, চেয়ে, দ্বারা, দিয়া, দিয়ে, কর্তৃক ইত্যাদি।
৭. অনুসর্গের ব্যবহার কোনো কোনো সাধু ও চলিত ভাষারীতির ক্ষেত্রে ভিন্ন ভিন্ন রূপ হতে পারে।

**অনুসর্গের প্রয়োজনীয়তাঃ**

১. অনুসর্গগুলো বাংলা ভাষায় বিভক্তির কাজ করে।
২. অনুসর্গগুলো বাক্য গঠনে সহায়তা করে।
৩. বাংলা ভাষায় অভাব, তুলনা ইত্যাদি ভাব প্রকাশ করতে অনুসর্গের প্রয়োজন।
৪. অনুসর্গ ছাড়া কারকের অর্থ প্রকাশ পায় না।

**বাংলায় ব্যবহৃত কয়েকটি অনুসর্গের উদাহরণঃ**

অপেক্ষা, আগে, অভিমুখে, অবধি, উপরে, করে, কাছে, কর্তৃক, কারণে, ছাড়া, জন্য, তরে, থেকে, দরুন, দিকে, দিয়ে, দ্বারা, ধরে, নাগাদ, নিচে, পর্যন্ত, পাশে, পানে, পিছনে, প্রতি,বদলে, বনাম, বরাবর, বাইরে, বাদে, বাবদ, বিনা, ব্যতীত, ভিতরে, মতো, মধ্যে, মাঝে, লেগে, সঙ্গে, সম্মুখে, সাথে, সামনে, হতে ইত্যাদি।

কারক ও বিভক্তি রূপে যে অনুসর্গ ব্যবহৃত হয়। দ্বারা, দিয়া, কর্তৃক, থেকে, বিনা, হইতে, চেয়ে, মধ্যে, অপেক্ষা, চাইতে।

**প্রকারভেদঃ**

অনুসর্গকে ২ ভাগে ভাগ করা যায়।

১. সাধারণ অনুসর্গ
২. ক্রিয়াজাত অনুসর্গ

**সাধারণ অনুসর্গ**

যেসব অনুসর্গ ক্রিয়া ছাড়া অন্য শব্দ থেকে তৈরি হয়, সেগুলোকে সাধারণ অনুসর্গ বলে। যেমনঃ

উপরে: মাথার উপরে নীল আকাশ।
কাছে: কার কাছে গেলে জানা যাবে?
জন্যে: হারানো ঘড়িটার জন্য অনেক কেঁদেছি।
দ্বারা: এমন কাজ তোমার দ্বারা হবে না।
বনাম: আজ বাংলাদেশ বনাম ভারতের খেলা।

**ক্রিয়াজাত অনুসর্গ**

যেসব অনুসর্গ ক্রিয়াপদ থেকে তৈরি হয়েছে, সেগুলোকে ক্রিয়াজাত অনুসর্গ বলে। যেমনঃ

করে: ভালো করে খেয়ে নাও।
থেকে: ঢাকা থেকে বরিশাল যেতে পদ্মা নদী পার হতে হয়।
দিয়ে: মন দিয়ে লেখাপড়া করা দরকার।
ধরে: বহুদিন ধরে অপেক্ষা করে আছি।
বলে: সে সঙ্গে যাবে বলে তৈরি হয়ে এসেছে।

**অনুসর্গের প্রয়োগঃ**

| | | |
|---|---|---|
| ১। | বিনা/বিনে | কর্তৃকারকের সঙ্গে - তুমি বিনা/বিনে আমার কে আছে? |
| | বিনি | করণ কারকের সঙ্গে - বিনি সুতায় গাঁথা মালা। |
| | বিহনে | উদ্যম বিহনে কার পুরে মনোরথ? |
| ২। | সহ | সহগামিতা অর্থে - তিনি পুত্রসহ উপস্থিত হলেন। |
| | সহিত | সমসূত্রে অর্থে - শত্রুর সহিত সন্ধি চাই না |
| | সনে | বিরুদ্ধগামিতা অর্থে - দংশনক্ষত শ্যেন বিহঙ্গ যুঝে ভুজঙ্গ সনে |
| | সঙ্গে | তুলনায় - মায়ের সঙ্গে এ মেয়ের তুলনা হয় না। |
| ৩। | অবধি | পর্যন্ত অর্থে - সন্ধ্যা অবধি অপেক্ষা করব। |

| | | |
|---|---|---|
| ৪। | পরে | স্বল্প বিরতি অর্থে - এ ঘটনার পরে আর এখানে থাকা চলে না। |
| | পর | দীর্ঘ বিরতি অর্থে - শরতের পরে আসে বসন্ত। |
| ৫। | পানে | প্রতি, দিকে অর্থে - ঐ তো ঘর পানে ছুটেছেন। শুধু তোমার মুখের পানে চাহি বাহির হনু। |
| ৬। | মতো | ন্যায় অর্থে - বেকুবের মতো কাজ করো না। |
| | তরে | মত অর্থে - এ জন্মের তরে বিদায় নিলাম। |
| ৭। | পক্ষে | সক্ষমতা অর্থে - রাজার পক্ষে সব কিছুই সম্ভব।<br>সহায় অর্থে - আসামির পক্ষে উকিল কে? |
| ৮। | মাঝে | মধ্যে অর্থে - সীমার মাঝে অসীম তুমি।<br>একদেশিক অর্থে - এ দেশের মাঝে একদিন সব ছিল।<br>ক্ষণকাল অর্থে - নিমেষ মাঝেই সব শেষ। |
| ৯। | কাছে | নিকটে অর্থে - আমার কাছে আর কে আসবে?<br>কর্মকারকে 'কে' বোঝাতে - রাখাল শুধায় আসি ব্রাহ্মণের কাছে। |
| ১০। | প্রতি | প্রত্যেক অর্থে - মণপ্রতি পাঁচ টাকা লাভ দেব।<br>দিকে বা ওপর অর্থে - নিদারুণ তিনি অতি, নাহি দয়া তব প্রতি। |
| ১১। | হেতু | নিমিত্ত অর্থে - কী হেতু এসেছ তুমি, কহ বিস্তারিয়া। |
| | জন্যে | নিমিত্ত অর্থে - এ ধন-সম্পদ তোমার জন্যে। |
| | সহকারে | সঙ্গে অর্থে - আগ্রহ সহকারে কহিলেন। |
| | বশত | কারণে অর্থে - দুর্ভাব্যবশত সভায় উপস্থিত হতে পারিনি। |

## অনুশীলন

১.অনুসর্গের আর কী নাম রয়েছে?
ক) অনন্বয়ী অব্যয়
খ) কর্মপ্রবচনীয় অব্যয়
গ) পদাশ্রিত অব্যয়
ঘ) বিভক্তি

২.বিভক্তির ন্যায় কাজ করে কোনটি?
ক) উপসর্গ
খ) অভিশ্রুতি
গ) অনুসর্গ
ঘ) গুণ

৩.'দিয়ে, পর্যন্ত' ইত্যাদি কিসের উদাহরণ?
ক) প্রকৃতি
খ) প্রত্যয়
গ) অনুসর্গ
ঘ) উপসর্গ

৪.অনুসর্গ কী কাজ করে?
ক) বিভক্তির কাজ করে
খ) শব্দের অর্থ স্পষ্টতর করে
গ) শব্দের অর্থের পরিবর্তন করে
ঘ) বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করে

৫.অনুসর্গ সাধারণত কোথায় বসে?
ক) শব্দের পূর্বে
খ) শব্দের মধ্যে
গ) শব্দের পরে
ঘ) বাক্যের শেষে

৬.সন্ধ্যা অবধি অপেক্ষা করব - অনুসর্গটি কোন অর্থে ব্যবহৃত?
ক) সাথে
খ) নিমিত্ত
গ) পর্যন্ত
ঘ) নিকট

৭.কর্মপ্রবচনীয় শব্দ কোনগুলো?
ক) বিনা, সনে, পরে
খ) মরিমরি, বাঃ, বেশ
গ) যেমন, যথা, যত
ঘ) টুংটাং, শনশন, টলমল

৮.ব্যাপ্তি অর্থে অনুসর্গের ব্যবহার কোনটি?
ক) এদেশের মাঝে একদিন সব ছিল
খ) আছ তুমি প্রভু জগৎ মাঝারে
গ) এ জন্মের তরে বিদায় নিলা
ঘ) শরতের পরে আসে বসন্ত

৯.এদেশের মাঝে একদিন সব ছিল" - এ বাক্যে 'মাঝে' অনুসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) একদেশিক/ঐকদেশিক
খ) মধ্যে অর্থে
গ) ব্যাপ্তি অর্থে
ঘ) নিমিত্ত অর্থে

১০. 'রাজার পক্ষে সবকিছুই সম্ভব।' এখানে 'পক্ষে' অনুসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) সহায় অর্থে
খ) ন্যায় অর্থে
গ) নিকটে অর্থে
ঘ) সক্ষমতা অর্থে

১১.তোমার কাছে সুখ চেয়ে পেলাম শুধু লজ্জা" - বাক্যে কোনটি অনুসর্গ?
ক) লজ্জা
খ) সুখ
গ) কাছে
ঘ) তোমার

১২."তোমার কাছে সুখ চেয়ে পেলাম শুধু লজ্জা" - বাক্যে কোনটি অনুসর্গ?
ক) লজ্জা
খ) সুখ
গ) কাছে
ঘ) তোমার

১৩."শত্রুর সহিত সন্ধি চাই না" - 'সহিত' অনুসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) অবধি অর্থে
খ) সমগামিতা অর্থে
গ) বিনা অর্থে
ঘ) সমসূত্রে অর্থে

১৪. 'শরতের পরে আসে বসন্ত' - বাক্যটিতে 'পরে' অনুসর্গটি যে অর্থ প্রকাশ করছে -
ক) বিরতি
খ) অবধি
গ) স্বল্প বিরতি
ঘ) দীর্ঘ বিরতি

১৫.'দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে' - বাক্যটিতে অনুসর্গ ব্যবহৃত হয়েছে -
ক) প্রাতিপাদিকের পরে
খ) বিশেষণের পরে
গ) বিভক্তিযুক্ত শব্দের আগে
ঘ) প্রাতিপাদিকের আগে

১৬."বিনা স্বদেশী ভাষা মিটে কি আশা?" - এ বাক্যে 'বিনা' অনুসর্গটি কী অর্থ প্রকাশ করছে?
ক) সঙ্গে
খ) প্রয়োজনে
গ) নিমিত্তে
ঘ) ব্যতিরেকে

১৭."মণ প্রতি পাঁচ টাকা লাভ দিব" - এ বাক্যে কি অর্থে অনুসর্গের ব্যবহার হয়েছে?
ক) নিমিত্ত
খ) প্রত্যেক
গ) ন্যায়
ঘ) জন্য

১৮.সেদিন কি আর আসবে" - 'আর' কোন অর্থ প্রকাশ করছে?
ক) পুনরাবৃত্তি
খ) নির্দেশ
গ) নিরাশা
ঘ) বাক্যালংকার

১৯.তোমার তরে এনেছি মালা গাঁথিয়া - এখানে 'তরে' অনুসর্গটি কী অর্থ প্রকাশ করছে?
ক) মত
খ) হেতু
গ) নিমিত্ত
ঘ) নিকট

২০. আসামির পক্ষে উকিল কে? - এখানে 'পক্ষে' কী অর্থ প্রকাশ করছে?
ক) সঙ্গ
খ) সক্ষমতা
গ) সহায়
ঘ) মত

# উপসর্গ

**এক নজরে উপসর্গঃ**

- উপসর্গের অন্য নাম আদ্যপ্রত্যয়।
- উপসর্গ শব্দটির ব্যুৎপত্তিঃছ উপ + √সৃজ্ + অ।
- অব্যয়সূচক শব্দাংশ রয়েছে যা স্বাধীন পদ হিসেবে বাক্যে ব্যবহৃত হতে পারে না।
- এগুলো অন্য শব্দের আগে বসে।
- ইংরেজি ভাষায় Prefix বলে।
- সংস্কৃত উপসর্গগুলি সাধারনত ধাতুর পূর্বে বসে।
- বাংলা ও বিদেশি উপসর্গগুলি বিশেষ্য বা বিশেষণের পূর্বে বসে।
- উপসর্গ ব্যাকরণের রূপতত্ত্ব আংশের অন্তর্গত।

**উপসর্গের কাজঃ**

১. নতুন অর্থবোধক শব্দ তৈরি করে। যেমনঃ প্র+ভাত=প্রভাত।
২. শব্দের অর্থের পূর্ণতা সাধন করে। যেমনঃ পরি+ভ্রমণ =পরিভ্রমণ।
৩. শব্দের অর্থের সম্প্রসারণ ঘটায়। যেমন – সম + পূর্ণ =সম্পূর্ণ।
৪. শব্দের অর্থের সংকোচন ঘটায়। যেমন – সু + নজর = সুনজর।
৫. শব্দের অর্থের পরিবর্তন ঘটায়। যেমন – অনা + বৃষ্টি = অনাবৃষ্টি।
৬. শব্দের বিপরীত অর্থ প্রদান করে। যেমন – গর + হাজির = গরহাজির।

**অর্থবাচকতা নাই কিন্তু অর্থদ্যোতকতা আছেঃ**

বলা হয় উপসর্গের অর্থবাচকতা অর্থাৎ নিজস্ব কোন অর্থ নাই কিন্তু অর্থদ্যোতকতা অর্থাৎ নতুন শব্দ গঠন করার ক্ষমতা আছে। উপসর্গের নিজস্ব কোন অর্থ নাই তবে কয়েকটি উপসর্গের অর্থ আছে। যেমনঃ অতি, অনু, ইতি, কু, সু, প্রতি, সম, রাম, কম, দর, খোশ, না, ফুল, হাফ, সাব, হেড ইত্যাদি।

**উপসর্গ ও অনুসর্গের পার্থক্য**

| উপসর্গ | অনুসর্গ |
|---|---|
| উপসর্গের স্থান শব্দের আগে। | অনুসর্গের স্থান শব্দের পরে। |
| শব্দের সঙ্গে উপসর্গ যোগ করে নতুন শব্দ পাওয়া যায়। | অনুসর্গ নতুন শব্দ গঠন করতে পারে না। |
| উপসর্গ শব্দের সঙ্গে মিশে যায়। | অনুসর্গ শব্দের থেকে একটু তফাতে বসে। |
| উপসর্গগুলির নিজস্ব অর্থ থাকে না। | অনুসর্গের নিজস্ব অর্থ থাকে। |
| উপসর্গগুলির ভূমিকা নতুন শব্দ গঠনের মধ্যেই সীমাবদ্ধ। | অনুসর্গ বাক্যের বিভিন্ন পদের মধ্যে সম্পর্ক স্থাপন করে। |

**প্রকারভেদঃ**

বাংলা ভাষায় তিন প্রকার উপসর্গ আছে। যেমনঃ

১। বাংলা/দেশি উপসর্গ (২১টি)
২। তৎসম /সংস্কৃত উপসর্গ (২০টি)
৩। বিদেশি উপসর্গ

## বাংলা/দেশি উপসর্গ

| | |
|---|---|
| সংখ্যা | বাংলা উপসর্গ মোট ২১টি। |
| যথা | অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, ঊন (ঊনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা। |
| যুক্ত হয় | বাংলা উপসর্গ সাধারণত বাংলা শব্দের পূর্বেই যুক্ত হয়ে থাকে। |

### বাংলা উপসর্গযোগে শব্দ গঠন

| | উপসর্গ | অর্থ | সাধিত শব্দ |
|---|---|---|---|
| ১। | অ | নিন্দিত | অকেজো, অচেনা, অপয়া |
| | | অভাব | অচিন, অজানা, অথৈ |
| | | ক্রমাগত | অঝোর, অঝোরে |
| ২। | অঘা | বোকা | অঘারাম, অঘাচণ্ডী |
| ৩। | অজ | নিতান্ত (মন্দ) | অজপাড়াগাঁ, অজমুর্খ, অজপুকুর |
| ৪। | অনা | অভাব | অনাবৃষ্টি, অনাদর |
| | | ছাড়া | অনাছিষ্টি, অনাচার |
| | | অশুভ | অনামুখো |
| ৫। | আ | অভাব | আকাঁড়া, আধোয়া, আলুনি |
| | | বাজে, নিকৃষ্ট | আকাঠা, আগাছা |
| ৬। | আড় | বক্র | আড়চোখে, আড়নয়নে |
| | | আধা, প্রায় | আড়মোড়া, আড়পাগলা |
| | | বিশিষ্ট | আড়কোলা (পাথালিকোলা), আড়গড় (আস্তাবর) |
| ৭। | আন | না | আনকোরা |
| | | বিক্ষিপ্ত | আনচান, আনমনা |
| ৮। | আব | অস্পষ্টতা | আবছায়া, আবডাল |
| ৯। | ইতি | এ বা এর | ইতিকর্তব্য, ইতিপূর্বে |
| | | পুরনো | ইতিকথা, ইতিহাস |
| ১০। | ঊন/ঊনা | কম | ঊনপাঁজুরে, উনিশ |
| ১১। | কদ্ | নিন্দিত | কদবেল, কদর্য, কদাকার |
| ১২। | কু | কুৎসিত/অপকর্ষ | কুঅভ্যাস, কুকথা, কুনজর, কুসঙ্গ |

| | উপসর্গ | অর্থ | সাধিত শব্দ |
|---|---|---|---|
| ১৩। | নি | নাই/নেতি | নিখুঁত, নিখোঁজ, নিলাজ, নিভাঁজ, নিরেট |
| ১৪। | পাতি | ক্ষুদ্র | পাতিহাঁস, পাতিশিয়াল, পাতিলেবু, পাতকুয়ো |
| ১৫। | বি | ভিন্নতা/নাই বা নিন্দনীয় | বিভূঁই, বিফল, বিপথ |
| ১৬। | ভর | পূর্ণতা | ভরটে, ভরসাঁঝ, ভরপুর, ভরদুপুর, ভরসন্ধ্যে |
| ১৭। | রাম | বড় বা উৎকৃষ্ট | রামছাগল, রামদা, রামশিঙ্গা, রামবোকা |
| ১৮। | স | সঙ্গে | সরাজ, সরব, সঠিক, সজোর, সপাট |
| ১৯। | সা | উৎকৃষ্ট | সাজিরা, সাজোয়ান |
| ২০। | সু | উত্তম | সুনজর, সুখবর, সুদিন, সুনাম সুকাজ |
| ২১। | হা | অভাব | হাভাতে, হাহুতাশ, হাপিত্যেশ |

**বাক্যে বাংলা উপসর্গের উদাহরণঃ**

| | |
|---|---|
| আমি অবেলাতে দিলাম পাড়ি অথৈ সায়রে। | ভর দুপুরে কোথায় যাও? |
| অঘারাম বাস করে অজ পাড়াগাঁয়ে। | এতদিন কোথায় নিখোঁজ হয়েছিলে? |
| ভিক্ষার চাল কাঁড়া আর আকাঁড়া। | আমি অবেলাতে দিলাম পাড়ি অথৈ সায়রে। |
| আকাঠার নায়ে দিলাম কাঁঠালের গলুই। | অঘারাম বাস করে অজ পাড়াগাঁয়ে। |
| মা বলিতে প্রাণ করে আনচান, চোখে আসে জল ভরে। | মা বলিতে প্রাণ করে আনচান, চোখে আসে জল ভরে। |
| ঊনাভাতে দুনা বল। | ভিক্ষার চাল কাঁড়া আর আকাঁড়া। |
| নিনাইয়ার শতেক নাও। | আকাঠার নায়ে দিলাম কাঁঠালের গলুই। |
| ইতিহাস কথা কয়। | নিনাইয়ার শতেক নাও। |
| ভর দুপুরে কোথায় যাও? | এতদিন কোথায় নিখোঁজ হয়েছিলে? |

**সংস্কৃত উপসর্গ**

| | |
|---|---|
| সংখ্যা | সংস্কৃত উপসর্গ ২০ টি। |
| যথা | অতি, অনু, অধি, অপ, অপি, অব, অভি, আ, উৎ, উপ, নি, নির, দূর, পরা, পরি, প্র, প্রতি, বি, সু, সম। |
| যুক্ত হয় | তৎসম উপসর্গ তৎসম (সংস্কৃত) শব্দের আগে বসে। |

## সংস্কৃত উপসর্গযোগে শব্দ গঠন

| | উপসর্গ | অর্থ | সাধিত শব্দ |
|---|---|---|---|
| ১। | অতি | বেশি, অস্বাভাবিক, পার হওয়া | অতিবৃষ্টি, অতিচালাক, অতিভক্তি, অতিক্রম |
| ২। | অনু | পেছনে, তুল্য, বারবার, সাথে | অনুরাগ, অনুবাদ, অনুসরণ, অনুশীলন |
| ৩। | অধি | আধিপত্য, উপরি | অধিকার, অধিবাসী, অধিষ্ঠান, অধিকার, অধিবাস |
| ৪। | অপ | বিপরীত, খারাপ, স্থানান্তর, খুব | অপমান, অপচয়, অপহরণ, অপরূপ |
| ৫। | অপি | যথা, বেশি | অপিনিহিতি, অপিচ |
| ৬। | অব | হীনতা, সাফল্য, নামা, স্বল্পতা, সম্যকভাবে | অবজ্ঞা, অবদান, অবতরণ |
| ৭। | অভি | সম্যক, গমন, দিক | অভিব্যক্তি, অভিজ্ঞ, অভিভূত, অভিযান |
| ৮। | আ | পর্যন্ত , সামান্য, বিপরীত | আমরণ, আসমুদ্র, আভাস, আদান, আগমন |
| ৯। | উৎ | উর্ধ্বমুখিতা, প্রস্তুতি, অপকর্ষ | উন্নতি, উত্তোলন, উৎফুল্ল, উৎপাদন, উচ্চারণ |
| ১০। | উপ | সামীপ্য, সদৃশ, ক্ষুদ্র, বিশেষ | উপকূল, উপবন, উপগ্রহ, উপভোগ, উপহার |
| ১১। | দুর/দু/দুঃ | মন্দ, কষ্টসাধ | দুঃসাহস, দুঃশাসন, দুঃসপ্ন, দুঃসাধ্য, দুর্গম, দুর্নাম |
| ১২। | নি /নিঃ | নিষেধ, নিশ্চয়, আতিশায্য, অভাব | নিবৃত্তি, নিবারণ, নিখুঁত, নিকৃষ্ট, নিঃশ্বাস, নিঃসন্তান, নিঃস্বার্থ |
| ১৩। | নির | অভাব, নিশ্চয়, বাহির বা রেফ হবে | নিরক্ষর, নির্ণয়, নির্ভর, নির্মাণ |
| ১৪। | পরা | আতিশয্য, বিপরীত | পরায়ণ, পরাশক্ত, পরাজয়, পরাহত, পরাভব |
| ১৫। | পরি | বিশেষ, শেষ, সম্যক, চারদিক | পরিপূর্ণ, পরিধান, পরিশ্রম, পরিকল্পনা |
| ১৬। | প্র | প্রকৃষ্ট, খ্যাতি, আধিক্য, গতি | প্রজ্ঞা, প্রবল, প্রসার, প্রচার, প্রবেশ, প্রস্থান |
| ১৭। | প্রতি | সদৃশ, বিরোধ, বারবার | প্রতিধ্বনি, প্রতিবাদ, প্রতিদ্বন্দ্বি, প্রতিদিন, প্রতিদান |
| ১৮। | বি | বিশেষ, অভাব, গতি, অপ্রকৃতস্থ | বিশুদ্ধ, বিজ্ঞান, বিবর্ণ, বিশৃঙ্খল, বিফল |
| ১৯। | সু | ভাল, সহজ, আতিশয্য | সুকণ্ঠ, সুনীল, সুগম, সুজন, সুলভ, সুনজর |
| ২০। | সম | সম্মুখ, সামনে, খবর, সমান | সম্পূর্ণ, সম্মুখ, সংবাদ, সমাদর, সম্মান |

**বাক্যে তৎসম উপসর্গের উদাহরণঃ**
কালের প্রভাবে নিয়মের পরিবর্তন ঘটেছে।
সমাগত সুধীজনকে সাদর অভিনন্দন জানানো হলো।
ওসমান রণক্ষেত্রে বীরত্বের পরাকাষ্ঠা প্রদর্শন করেও পরাজিত হলেন।
তাঁর পুত্রদের সঙ্গে চিঠিপত্র আদান-প্রদান নেই বলে তাঁর দুঃখের সীমা-পরিসীমা নেই।
দুর্ভাগ্যবশত ঢাকার অধিবাসীরা আজ দুর্ভিক্ষপীড়িত অথচ তারাই ছিলো।

আ, নি, বি, সু - এই চারটি সংস্কৃত ও বাংলা উভয় উপসর্গেই আছে।

## বিদেশি উপসর্গ

আরবি, ফারসি, ইংরেজি, হিন্দি-এসব ভাষার বহু শব্দ দীর্ঘকাল ধরে বাংলা ভাষায় প্রচলিত রয়েছে। এর কতগুলো খাঁটি উচ্চারণে আবার কতগুলো বিকৃত উচ্চারণে বাংলায় ব্যবহৃত হয়। এ সঙ্গে কতগুলো বিদেশি উপসর্গও বাংলায় চালু রয়েছে। বিদেশি উপসর্গযোগে নতুন বিদেশি শব্দ গঠন নিচে দেখানো হলো।

### ফারসি উপসর্গ

| | উপসর্গ | অর্থ | সাধিত শব্দ |
|---|---|---|---|
| ১। | কার্ | কাজ | কারখানা, কারসাজি, কারচুপি, কারবার, কারদানি |
| ২। | দর্ | মধ্যস্থ, অধীন | দরপত্তনী, দরপাট্টা, দরদালান |
| ৩। | না | না | নাচার, নারাজ, নামঞ্জুর, নাখোশ, নালায়েক |
| ৪। | নিম্ | আধা | নিমরাজি, নিমখুন |
| ৫। | ফি | প্রতি | ফি-রোজ, ফি-হপ্তা, ফি-বছর, ফি-সন, ফি-মাস |
| ৬। | বদ্ | মন্দ | বদমেজাজ, বদরাগী, বদমাশ, বদহজম, বদনাম |
| ৭। | বে | না | বেআদব, বেআক্কেল, বেকসুর, বেকায়দা, বেগতিক, বেতার |
| ৮। | বর্ | বাইরে, মধ্যে | বরখাস্ত, বরদাস্ত, বরখেলাপ, বরবাদ |
| ৯। | ব্ | সহিত | বমার, বনাম, বকলম |
| ১০। | কম্ | স্বল্প | কমজোর, কমবখত |

### আরবি উপসর্গ

| | উপসর্গ | অর্থ | সাধিত শব্দ |
|---|---|---|---|
| ১। | আম | সাধারণ | আমজনতা, আমদরবার, আমমোক্তার, আমকথা |
| ২। | খয়ের | তোষামদ | খয়ের খাঁ |
| ৩। | খাস | বিশেষ | খাসমেহমান, খাসমহল, খাসমসজিদ, খাসকথা |
| ৪। | গর | অভাব | গরমিল, গরহাজির, গররাজি |
| ৫। | বাজে | খারাপ | বাজেকাজ, বাজেকথা, বাজেখরচ |
| ৬। | লা | না | লাজওয়াব, লাপাত্তা, লাশরিক |

### প্রাদেশিক (উর্দু-হিন্দি)

| | উপসর্গ | অর্থ | সাধিত শব্দ |
|---|---|---|---|
| ১। | হর | প্রত্যেক | হররোজ, হরমাহিনা, হরকিসিম, হরহামেশা |

## ইংরেজি উপসর্গ

| | উপসর্গ | অর্থ | সাধিত শব্দ |
|---|---|---|---|
| ১। | ফুল | পূর্ণ | ফুল-হাতা, ফুল-শার্ট, ফুল-বাবু, ফুল-প্যান্ট |
| ২। | হাফ | আধা | হাফ-হাতা, হাফ-টিকেট, হাফ-স্কুল, হাফ-প্যান্ট |
| ৩। | হেড | প্রধান | হেড-মাস্টার, হেড-অফিস, হেড-পন্ডিত, হেড-মৌলভি |
| ৪। | সাব | অধীন | সাব-অফিস, সাব-জজ, সাব-ইনসপক্টের |

**বাক্যে বিদেশি উপসর্গের উদাহরণঃ**

- হিসেবে গরমিল থাকলে খাসমহল লাটে উঠবে।
- বহাল তবিয়তে দস্তখত করে ফি-রোজ হেড-অফিসে আসা যাওয়া কর।

## অনুশীলনী

১.'রামদা' শব্দে 'রাম' কোন অর্থের সহায়ক?
ক) উৎকৃষ্ট
খ) তুচ্ছ
গ) বড়
ঘ) বিশিষ্ট

২.'নিখুঁত' শব্দে 'নি' উপসর্গটি কোন প্রকারের?
ক) অর্ধ-তৎসম
খ) বিদেশি
গ) সংস্কৃত
ঘ) খাঁটি বাংলা

৩.'বদ্' কোন ভাষার উপসর্গ?
ক) আরবি
খ) হিন্দি
গ) ফারসি
ঘ) উর্দু

৪.'বিজ্ঞান' শব্দে 'বি' উপসর্গ কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) অভাব
খ) গতি
গ) সাধারণ
ঘ) বিশেষ

৫.উপসর্গের কাজ কী?
ক) বর্ণ সংস্করণ
খ) নতুন শব্দ গঠন
গ) ভাবের পার্থক্য নিরূপণ
ঘ) যতি সংস্থাপন

৬.তৎসম উপসর্গ কোনটি?
ক) গর
খ) অনা
গ) লা
ঘ) সম

৭.গরমিল শব্দের 'গর' উপসর্গ কোন অর্থ প্রকাশ করেছে?
ক) বিশেষ
খ) মন্দ
গ) না
ঘ) অভাব

৮.উপসর্গ কত প্রকার?
ক) দুই প্রকার
খ) তিন প্রকার
গ) চার প্রকার
ঘ) পাঁচ প্রকার

৯.কোনটিতে খাঁটি বাংলা উপসর্গের ব্যবহার হয়েছে?
ক) অকাজ
খ) পরিশেষ
গ) নিষেধ
ঘ) বিবর্ণ

১০.নিজস্ব কোনো অর্থবাচকতা না থাকলেও, নতুন শব্দ সৃজনের ক্ষমতা আছে কোনটির?
ক) অনুসর্গের
খ) বিভক্তির
গ) উপসর্গের
ঘ) পদাশ্রিত অব্যয়ের

১১.'খাসখবর' শব্দটিতে কী অর্থে 'খাস' উপসর্গটি যুক্ত হয়েছে?
ক) সাধারণ
খ) বিশেষ
গ) অভাব
ঘ) স্বল্প

১২.নিচের কোন দুটি খাঁটি বাংলা উপসর্গ?
ক) অনা, কদ
খ) সম, গর
গ) কু, নি
ঘ) অজ, অভি

১৩.'উত্তম' অর্থে 'সু' উপসর্গের ব্যবহার কোনটি?
ক) সুনীল
খ) সুলভ
গ) সুতীক্ষ্ণ
ঘ) সুচতুর

১৪.কোনটিতে বিদেশি উপসর্গ আছে?
ক) চোরটি বমাল ধরা পড়েছে
খ) অনুকরণ করো না
গ) সমাগত সুধী
ঘ) কুজনে কুবর করে

১৫.বাংলা উপসর্গের মধ্যে কোন তিনটি উপসর্গ তৎসম শব্দেও ব্যবহৃত হয়?
ক) অ, অঘা, অজা
খ) আ, উপ, আপ
গ) সু, বি, নি
ঘ) কু, অনা, ইতি

১৬.কোনটি খাঁটি বাংলা উপসর্গ সাধিত শব্দ?
ক) ইতিহাস
খ) অনুবাদ
গ) অভিযান
ঘ) গরমিল

১৭.ফুল, হাফ কোন ধরনের উপসর্গ?
ক) তৎসম
খ) ইংরেজি
গ) ফারসি
ঘ) বাংলা

১৮.ফুল, হাফ - কোন ধরনের উপসর্গ?
ক) তৎসম
খ) ইংরেজি
গ) ফারসি
ঘ) বাংলা

১৯.'সু' উপসর্গযোগে গঠিত তৎসম শব্দ কোনটি?
ক) সুনজর
খ) সুদিন
গ) সুনাম
ঘ) সুকণ্ঠ

২০.কোনটি বাংলা উপসর্গ?
ক) আধ
খ) উৎ
গ) নিম
ঘ) আড়/হা

## বিগত বছরের প্রশ্নাবলী

০১| 'অভাব' অর্থে ব্যবহৃত হয়েছে কোন উপসর্গটি? [৪১তম বিসিএস]
ক) অকাজ	খ) আবছায়া
গ) আলুনি	ঘ) নিখুঁত	উত্তর: গ

ব্যাখ্যা: বাংলা ভাষায় উপসর্গ তিন রকার। যথা : বাংলা (২১টি), তৎসম বা সংস্কৃত (২০টি) ও বিদেশি উপসর্গ।
তবে আ, সু. বি নি- এ চারটি উপসর্গ বাংলা ও তৎসম উভয় উপসর্গেই রয়েছে। বাংলা 'আ" উপসর্গযোগে গঠিত 'আলুনি শব্দে 'আ' উপসর্গটি অভাব অর্থে ব্যবহৃত হয়েছে। এরূপ আকাঁড়া, আধোয়া, আচালা, আছাটা ইত্যাদি।
অন্যদিকে অকাজ শব্দে 'অ' উপসর্গটি নিন্দিত অর্থে, আবহায়া শব্দে 'আব' উপসর্গটি 'অস্পষ্টতা' অর্থে ও নিখুঁত শব্দে 'নি' উপসর্গটি 'নাই/নেতি' অর্থে ব্যবহৃত হয়েছে।
অকাজ, আবছায়া ও নিখুঁত-এ তিনটি শব্দই বাংলা উপসর্গ যোগে গঠিত ।

০২| "কদাকার' শব্দটি কোন উপসর্গযোগে গঠিত? [৩৭তম বিসিএস]
ক) দেশি উপসর্গযোগে	খ) বিদেশি উপসর্গযোগে
গ) সংস্কৃত উপসর্গযোগে	ঘ) কোনোটি নয়	উত্তর: ক

০৩| কোন শব্দ গঠনে বাংলা উপসর্গ ব্যবহৃত হয়েছে? [৩২তম বিসিএস]
ক) পরাকাষ্ঠা	খ) অভিব্যক্তি
গ) পরিশ্রান্ত	ঘ) অনাবৃষ্টি	উত্তর: ঘ

০৪| "অপ' কী ধরনের উপসর্গ? [৩০তম বিসিএস]
ক) সংস্কৃত	খ) বাংলা
গ) বিদেশি	ঘ) মিশ্র	উত্তর: ক

০৫. বাংলা ভাষায় কয়টি খাঁটি উপসর্গ আছে? [২৭তম বিসিএস]
ক) উনিশ	খ) কুড়ি
গ) একুশ	ঘ) বাইশ	উত্তর: গ

০৬| উপসর্গ কোনটি? [২৬তম বিসিএস]
ক) অতি	খ) থেকে
গ) চেয়ে	ঘ) দ্বারা	উত্তর: ক

০৭| প্র, পরা, অপ- [২৬তম বিসিএস]
ক) বাংলা উপসর্গ	খ) সংস্কৃত উপসর্গ
গ) বিদেশী	ঘ) উপসর্গ স্থানীয় অব্যয়	উত্তর: খ

০৮| উপসর্গের সঙ্গে প্রত্যয়ের পার্থক্য_ (২৪তম বিসিএস)
ক) অব্যয় ও শব্দাংশ	খ) নতুন শব্দ গঠনে
গ) উপসর্গ থাকে সামনে প্রত্যয় থাকে পিছনে	ঘ) ভিন্ন অর্থ প্রকাশে	উত্তর: গ

০৯| "অচিন' শব্দের "অ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত? (১৬তম বিসিএস)

ক) নেতিবাচক
খ) বিয়োগান্ত
গ) নঞর্থক
ঘ) অজানা

উত্তর: গ

১০| "অবমূল্যায়ন" ও "অবদান" শব্দ দুটিতে "অব" উপসর্গ সম্পর্কে কোন মন্তব্যটি সঠিক?[১৬তম বিসিএস (শিক্ষা)]

ক) শব্দ দুটিতে উপসর্গটি মোটামুটি একই অর্থে ব্যবহৃত হয়েছে
খ) শব্দ দুটিতে উপসর্গটি একই অর্থে ব্যবহৃত হয়েছে
গ) দুটি শব্দে উপসর্গটির অর্থ দু রকম
ঘ) দুটি শব্দে উপসর্গটির অর্থ আপাতবিচারে ভিন্ন হলেও আসলে এক

উত্তর: গ

১১| "অপমান" শব্দের "অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত? (১৫তম বিসিএস)

ক) বিপরীত
খ) নিকৃষ্ট
গ) বিকৃত
ঘ) অভাব

উত্তর: ক

১২| কোন শব্দে বিদেশী উপসর্গ ব্যবহৃত হয়েছে? [১২তম বিসিএস]

ক) নিখুঁত
খ) আনমনা
গ) অবহেলা
ঘ) নিমরাজী

উত্তর: ঘ

১৩| "অপমান" শব্দের "অ'' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত? (বিমান বাংলাদেশ এয়ারলাইন২০২১)

ক) বিপরীত
খ) নিকৃষ্ট
গ) অভাব
ঘ) বিকৃত

উত্তর: ক

ব্যাখ্যাঃ 'অপ' উপসগর্যোগে বিপরীত অর্থ প্রকাশ করে এমন কতিপয় শব্দ অপকার,অপচয়, অপবাদ ।

১৪| খাঁটি বাংলা উপসর্গ যোগে সৃষ্ট পদ কোনটি?

ক) আকড়া
খ) অবেলা
গ) অপমান
ঘ) অতিশয়

উত্তর: খ

ব্যাখ্যা: 'অবেলা' শব্দটি বাংলা 'অ' উপসগর্যোগে গঠিত। অন্যদিকে 'অপমান' ও 'অতিশয়' শব্দটি সংস্কৃত 'অপ' ও 'অতি' উপসর্গযোগে গঠিত ।

১৫| আসামির পক্ষে উকিল কে? এখানে 'পক্ষে' কি অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) প্রশ্ন অর্থে
খ) আদেশ অর্থে
গ) প্রার্থনা অর্থে
ঘ) সহায় অর্থে

উত্তর: ঘ

১৬| অবলম্বনের "অব" উপসর্গটি কি অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) নিম্নে
খ) সম্যকভাবে
গ) প্রতিকূল
ঘ) সহায়

উত্তর: ক

১৭| বাংলা ভাষার সংস্কৃত উপসর্গ কয়টি?

ক) আঠারটি
খ) উনিশটি
গ) বিশটি
ঘ) একুশটি

উত্তর: গ

১৮| কোনটি অনুসর্গ?

ক) পরা
খ) প্রতি
গ) অনা
ঘ) গর

উত্তর: খ

ব্যাখ্যা: অপশনের সবকয়টিই উপসর্গ। তবে 'প্রতি' অনুসর্গ হিসেবেও ব্যবহৃত হয়

১৯| 'আড়চোখে' শব্দে "আড়" উপসর্গটি কি অর্থ প্রকাশ করছে?

ক) খারাপ
খ) হিংসা
গ) উৎসাহ
ঘ) বক্র
ঙ) কোনোটিই নয়

উত্তর: ঘ

২০| নিচের কোন শব্দটিতে ইংরেজি উপসর্গ ব্যবহৃত হয়েছে?

ক) অপমৃত্যু
খ) রামদা
গ) বাজে খরচ
ঘ) ফুলবাবু
ঙ) কোনোটিই নয়

উত্তর: ঘ

ব্যাখ্যা: ফুল, হাফ, হেড, সাব হলো ইংরেজি উপসর্গ। ফুলবাবু শব্দে ফুল ইংরেজি উপসর্গটি পূর্ণ অর্থে ব্যবহৃত হয়েছে। সংস্কৃত 'অপ' ও বাংলা 'রাম' উপসর্গযোগে যথাক্রমে অপমৃত্যু ও রামদা শব্দটি গঠিত হয়েছে।

২১| 'পরাভব' শব্দে 'পরা' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) অভাব
খ) আধিক্য
গ) বিপরীত
ঘ) বিকৃত
ঙ) কোনোটিই নয়

উত্তর: গ

২২| 'অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোতকতা আছে' কার?

ক) উপসর্গ
খ) সন্ধি
গ) সমাস
ঘ) কারক

উত্তর: ক

২৩| উপসর্গকে ইংরেজিতে কি বলে?

ক) Suffix
খ) Subject
গ) Prefix
ঘ) Verb

উত্তর: গ

২৪| "উপসর্গ" বসে–

ক) শব্দের পরে
খ) বাক্যের পূর্বে
গ) বাক্যের মধ্যে
ঘ) শব্দের পূর্বে

উত্তর: ঘ

২৫| নিচের কোনটি ফারসি উপসর্গ?

ক) বাজে
খ) আম
গ) হাফ
ঘ) কম
ঙ) কোনোটিই নয়

উত্তর: ঘ

ব্যাখ্যা: 'কম' ফারসি উপসর্গ। 'কম' উপসর্গ যোগে গঠিত শব্দ : কমজোর, কমবখত।
'আম'ও 'হাফ' যথাক্রমে আরবি ও ইংরেজি উপসর্গ। 'বাজে' আরবি বিশেষণ পদ।

২৬ | কোনটি সংস্কৃত উপসর্গ? (পররাষ্ট্র মন্ত্রঃ ২০১৯)
ক) অঘা
খ) আব
গ)পরা
ঘ) অনা
উত্তর: গ

২৭| বাংলা ভাষায় তৎসম উপসর্গ কতটি?
ক) ২০টি
খ) ২১টি
গ) ১৯টি
ঘ) ২৩টি
উত্তর: ক

২৮| "কি" হেতু এসেছ তুমি, কহ বিস্তারিয়া'_ _ হেতু অনুসর্গটি কী অর্থ প্রকাশ করেছে?
ক) নিমিত্ত
খ) প্রসঙ্গ
গ) ব্যাপ্ত
ঘ) প্রার্থনা
উত্তর: ক

২৯|বিদেশী উপসর্গযোগে গঠিত শব্দ কোনটি? (বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রঃ ২০১৯]
ক) অঘারাম
খ) কদাকার
গ) প্রস্ফুটিত
ঘ) খাসমহল
উত্তর: ঘ

ব্যাখ্যা আরবি 'খাস' উপসর্গ যোগে গঠিত শব্দ_ _খাসমহল, খাসখবর, খাসকামরা, খাসদরবার
প্রস্ফুটিত সংস্কৃত প্র, কদাকার বাংলা কদ্, অঘারাম বাংলা অঘা উপসর্গ যোগে গঠিত শদ।

৩০| 'পরাজয়ের'-এ শব্দটিতে কোনটি উপসর্গ?
ক) জয়
খ) পরা
গ) এর
ঘ)জয়ের
উত্তর: খ

ব্যাখ্যা: উপসর্গ 'পরা' যোগে গঠিত শব্দ: পরাজয়, পরাভব, পরায়ন, পরাকাষ্ঠা ইত্যাদি।

৩১| 'সরব' শব্দের 'স' উপসর্গ কি অর্থ প্রকাশ করে?
ক)ক্ষুদ্র
খ) সঙ্গে
গ)বিশাল
ঘ) অভাব
উত্তর: খ

৩২| উপসর্গ দ্বারা কোন শব্দটি গঠিত হয়েছে?
ক) নিরালা
খ) নিশান
গ)নিকট
ঘ) নিলাজ
উত্তর: ঘ

৩৩| উপসর্গের কাজ কী?
ক) বর্ণসংকোচন
খ) নতুন শব্দ গঠন
গ) ভাবের পর্দা নিরূপণ
ঘ) কোনোটিই নয়
উত্তর: খ

৩৪| বিপরীতার্থে "পরা" উপসর্গ যুক্ত শব্দ কোনটি?
ক) পরাকাষ্ঠা
খ) পরাক্রান্ত
গ) পরায়ণ
ঘ) পরাভব
উত্তর: ঘ

৩৫| কোনটি খাঁটি বাংলা উপসর্গ?
ক) অজ
খ) অপ
গ) ওপর
ঘ) পরা
উত্তর: ক

৩৬| 'সুনাম' শব্দের 'সু' কোন উপসর্গ?

ক) সংস্কৃত　　খ) বাংলা

গ) আরবি　　ঘ) ফারসি　　উত্তর: খ

৩৭| 'অঘারাম বাস করে অজপাড়া গাঁয়ে' 'অঘা' ও 'অজ' কোন ধরনের উপসর্গ?

ক) খাঁটিবাংলা　　খ) বিদেশি

গ) তৎসম　　ঘ) তদ্ভব　　উত্তর: ক

৩৮| কোনটি খাঁটি বাংলা উপসর্গ?

ক) অব　　খ) অতি

গ) ইতি　　ঘ) পরি　　উত্তর: গ

৩৯| বাংলা ভাষায় উপসর্গ কত প্রকার?

ক)৬ প্রকার　　খ)৩ প্রকার

গ)৪ প্রকার　　ঘ)৫ প্রকার　　উত্তর: খ

৪০| কোন শব্দটিতে খাঁটি বাংলা উপসর্গ ব্যহত হয়ে

ক) গরমিল　　খ) অজানা

গ) বেমালুম　　ঘ) আভাস　　উত্তর: খ

৪১| সত্য বই মিথ্যে বলবো না। এখানে 'বই'–

ক) বিশেষ্য　　খ) উপসর্গ

গ) অনুষর্গ　　ঘ) প্রত্যয়　　উত্তর: গ

৪২| কোন শব্দটি খাঁটি বাংলা উপসর্গযোগে গঠিত?

ক) প্রবাহ　　খ) খয়ের খাঁ

গ) অজ পাড়াগাঁ　　ঘ) বেআদব　　উত্তর: গ

৪৩|কোন শব্দটি উপসর্গযোগে গঠিত?

ক) আগাছা　　খ) আবার

গ) আরাম　　ঘ) আনাজ　　উত্তর: ক

৪৪| শব্দ বা ধাতুর পূর্বে যে সব শব্দাংশ যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে এসব শব্দাংশকে বলে–

ক) অনুসর্গ　　খ) উপসর্গ

গ) প্রত্যয়　　ঘ) পারিভাষিক　　উত্তর: খ

৪৫| বিদেশী উপসর্গ কোনটি?

ক)জনা　　খ)আব

গ)গর　　ঘ)অজ　　উত্তর: গ

ব্যাখ্যা : অনা, আব, অজ খাঁটি বাংলা উপসর্গ। গর বিদেশি অর্থাৎ আরবি উপসর্গ। গর উপসর্গ যোগে শব্দ গরহাজির, গরমিল

৪৬| কোন শব্দটি বাংলা উপসর্গযোগে গঠিত?

ক) আকাল　　খ) সকাল

গ) আষাঢ়　　ঘ) আবার　　উত্তর: ক

৪৭| নিদাঘ' শব্দে 'নি' উপসর্গটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) বিশেষ খ) নিশ্চয়
গ) আতিশয্য ঘ) সম্যক উত্তর: গ

৪৮| আছো তুমি জগৎ মাঝারে |-এখানে 'মাঝারে' শব্দটি কোন অর্থে ব্যবহৃত?
ক)বাইরে খ)ব্যাপ্তি
গ) মধ্যে ঘ) সঙ্গে উত্তর: খ

৪৯| বর, বদ ও বাজে কোন শ্রেণির উপসর্গ?
ক) বিদেশি খ) খাঁটিবাংলা
গ) তৎসম ঘ) তদ্ভব উত্তর: ক

৫০| নিচের কোনটি শব্দের আগে বসে?
ক) প্রত্যয় খ) উপসর্গ
গ) অনুসর্গ ঘ) বিভক্তি উত্তর: খ

৫১| নিচের কোন শব্দটি 'উপ' ক্ষুদ্র অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) উপকণ্ঠ খ) উপকূল
গ) উপস্থিত ঘ) উপনেতা উত্তর: ঘ

ব্যাখ্যাঃ উপ' তৎসম উপসর্গ সামীপ্য, সদৃশ, ক্ষুদ্র বিশেষ অর্থে ব্যবহার করা হয়। যেমন-
সামীপ্য অর্থ উপকণ্ঠ,উপকূল। সদৃশ- উপদ্বীপ, উপবন। ক্ষুদ্র অর্থে উপনেতা,উপসাগর | বিশেষ অর্থে উপভোগ

৫২| কোনটি অনুসর্গ নয়??
ক) অপেক্ষা খ) অন্য
গ) চেয়ে ঘ) জন্য উত্তর: খ

৫৩| “সে লাপাত্তা”-এখানে লা উপসর্গটি কোন ভাষার?
ক) আরবি খ) ফারসি
গ) পর্তুগিজ ঘ) উর্দু উত্তর: ক

৫৪| অর্থবাচকতা নাই-
ক) কারকের খ) উপসর্গের
গ) অনুসর্গের ঘ) ধাতুর উত্তর: খ

৫৫| বিদেশী উপসর্গ যোগে গঠিত কোনটি?
ক) বেকার খ) বিকার
গ) নিদাঘ ঘ) নিবার উত্তর: ক
ব্যাখ্যাঃ বেকার শব্দটি ফারসি 'বে' উপসর্গ যোগে গঠিত এছাড়া বিকার, নিদাঘ' ও নিবার সংস্কৃত 'বি' ও 'নি' উপসর্গ যোগে গঠিত শব্দ

৫৬| হাসি দিয়ে ঘরটিকে ভরিয়ে রাখতো সে। বাক্যটিতে 'দিয়ে' হলো :
ক) অব্যয় খ) প্রত্যয়
গ) অনুসর্গ ঘ) উপসর্গ উত্তর: গ

৫৭| নিচের কোনটি উপসর্গ নয়?

ক) দ্বারা
খ)অভি
গ) উপ
ঘ) সম
উত্তর: ক

৫৮| বাংলা ভাষায় ব্যবহৃত বিদেশি উপসর্গ কতগুলো?

ক) ১৯টি
খ) ২০টি
গ) ২১টি
ঘ) অনির্নেয়
উত্তর: ঘ

৫৯| নিচের কোনটিতে উপসর্গ যুক্ত হয়েছে?

ক) গ্রহ
খ) উপগ্রহ
গ) তারা
ঘ) চন্দ্রগ্রহণ
উত্তর: খ

৬০| নিজ কোনো অর্থবাচকতা না থাকলেও, নতুন শব্দ সৃজনের ক্ষমতা আছে'-কোনটির?

ক)অনুসর্গের
খ) বিভক্তির
গ)উপসর্গের
ঘ)পদাশ্রিত অব্যয়ের
উত্তর: গ

৬১| আমন্ত্রিত অতিথি সমভিব্যাহারে মন্ত্রী মহোদয় মঞ্চে আরোহণ করলেন__এ বাক্যে উপসর্গ আছে?

ক)চারটি
খ)ছয়টি
গ) সাতটি
ঘ) আটটি
উত্তর: খ

৬২| বিদেশি উপসর্গের ব্যবহার রয়েছে নিচের কোন শব্দে?

ক)প্রগতি
খ)বিহার
গ)সুলভ
ঘ) নাবালক
উত্তর: ঘ

৬৩| বলাম শব্দের ব উপসর্গ কী অর্থ নির্দেশ করে-

ক) সহিত
খ) বাইরে
গ) অধীন
ঘ) প্রতি
উত্তর: ক

৬৪| উপসর্গ যুক্ত শব্দ কোনটি?

ক) পঙ্কজ
খ) জ্বালাতন
গ) মাচান
ঘ) কদবেল
উত্তর: ঘ

৬৫| "বকলম" শব্দটি বাংলা ভাষায় এসেছে-

ক) বর্মি ভাষা থেকে
খ) আরবী ভাষা থেকে
গ) হিন্দি ভাষা থেকে
ঘ) ফারসি ভাষা থেকে
উত্তর: ঘ

৬৬| আড়চোখে শব্দে "আড়" কী অর্থে ব্যবহৃত হয়েছে?

ক) খারাপ
খ) হিংসা
গ) উৎসাহ
ঘ) বক্র
উত্তর: ঘ

৬৭| নিচের কোন শব্দে ইংরেজি উপসর্গ ব্যবহৃত হয়েছে?

ক) অপমৃত্যু
খ) রামদা
গ) বাজে খরচ
ঘ) ফুলবাবু
উত্তর: ঘ

৬৮| "উপাচার্য" শব্দটি কোন উপসর্গ?
ক) খাঁটি বাংলা
খ) সংস্কৃতি বা বাংলা
গ) ফারসি
ঘ) বিদেশী
উত্তর: খ

৬৯| নিচের কোনটি খাঁটি বাংলা উপসর্গ?
ক) প্রশংসা
খ) উপমন্ত্রী
গ) গরমিল
ঘ) ইতিহাস
উত্তর: ঘ

৭০| অপমান শব্দে "অপ" কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) বিপরীত
খ) বিকৃত
গ) অভাব
ঘ) নিকৃষ্ট
উত্তর: ক

৭১| খাঁটি বাংলা উপসর্গ কোনটি?
ক) রাম
খ) আম
গ) সম
ঘ) নিম
উত্তর: ক

৭২| বিদেশী উপসর্গ যুক্ত শব্দ কোনটি?
ক) আলুনি
খ) হরবোলা
গ) মগডাল
ঘ) পাতিলেবু
উত্তর: খ

৭৩| অপসংস্কৃতি শব্দে "অপ" কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক) বিকৃত
খ) নিকৃষ্ট
গ) বিপরীত
ঘ) অভাব
উত্তর: খ

৭৪| উপসর্গ যুক্ত গঠিত শব্দ কোনটি?
ক) সুদিন
খ) ভাবুক
গ) দিগন্ত
ঘ) নদীমাতৃক
উত্তর: ক

৭৫| বিদেশী উপসর্গের দৃষ্টান্ত কোনটি?
ক) অব
খ) না
গ) ডন
ঘ) অনা
উত্তর: খ
ব্যাখ্যা: না ফারসি উপসর্গ। যেমন: নামঞ্জুর, নাচার, নারাজ।

৭৬| শব্দের আগে কোনটি বসে?
ক) উপসর্গ
খ) অনুসর্গ
গ) প্রত্যয়
ঘ) বিভক্তি
উত্তর: ক

৭৭| নিম যে ভাষার শব্দ–
ক) উর্দু
খ) ফারসি
গ) গুজরাটি
ঘ) আরবী
উত্তর: খ

৭৮| নিচের কোনটিতে "উপ " উপসর্গটি অপ্রধান অর্থে প্রযুক্ত হয়েছে?
ক) উপভাষা
খ) উপকার
গ) উপনেতা
ঘ) উপকূল
উত্তর: ক

৭৯| "বিজ্ঞান" শব্দের "বি" উপসর্গ কি হিসেবে ব্যবহৃত হয়েছে?
ক) বিশেষ খ) গতি
গ) সাধারণ ঘ) বিবিধ উত্তর: ক

৮০| কোন ৪টি উপসর্গ বাংলা ও তৎসম উভয় ক্ষেত্রেই পাওয়া যায়?
ক) সু, বি, নি, অ খ) স, সা, বি, নি
গ) আ, সু, বি, নি ঘ) সু, বি, নি, হা উত্তর: গ

৮১| "অপদেবতা" শব্দের "অপ" উপসর্গ কি হিসেবে ব্যবহৃত হয়েছে?
ক) মন্দ অর্থে খ) বিপরীত অর্থে
গ) বৃথা অর্থে ঘ) অস্বাভাবিক অর্থে উত্তর: ক

৮২| "পাতিহাঁস" শব্দের "পাতি" উপসর্গ কি হিসেবে ব্যবহৃত হয়েছে?
ক) বড় খ) ছোট
গ) মন্দ ঘ) বিস্ফা উত্তর: খ

৮৩| "বেগতিক" শব্দের "বে" উপসর্গ কি হিসেবে ব্যবহৃত হয়েছে? [ঢাবি ঘ ১৯-২০]
ক) বাংলা খ) সংস্কৃত
গ) আরবী ঘ) ফারসি উত্তর: ঘ

৮৪| শব্দের আগে বসে নতুন শব্দ যোগ করে কোনটি? [চবি বি ১৯-২০]
ক) অনুসর্গ খ) বিভক্তি
গ) প্রত্যয় ঘ) উপসর্গ উত্তর: ঘ

৮৫| "খাসমহল" শব্দের "খাস" উপসর্গ কি হিসেবে ব্যবহৃত হয়েছে? [ঢাবি ঘ ১৮-১৯]
ক) সংস্কৃত খ) আরবী
গ) উর্দু ঘ) ফারসি উত্তর: খ

৮৬| কোন শব্দে "উপ" উপসর্গটি ভিন্নার্থে প্রযুক্ত? [ ঢাবি ঘ ১৮-১৯(পুনরায়)]
ক) উপকণ্ঠ খ) উপনদী
গ) উপভাষা ঘ) উপধর্ম উত্তর: ক

৮৭| "অত্যাচার" শব্দের "অতি" উপসর্গ কি হিসেবে ব্যবহৃত হয়েছে? [ঢাবি ঘ ১৮-১৯(বাতিল)]
ক) আতিশয্য খ) অতিক্রম
গ) নিকৃষ্ট ঘ) ঈষৎ উত্তর: ক

৮৮| "ইতিহাস" শব্দের "ইতি" উপসর্গ কি হিসেবে ব্যবহৃত হয়েছে? [জাবি আই ১৮-১৯]
ক) বাংলা খ) সংস্কৃত
গ) ফারসি ঘ) আরবী উত্তর: ক

৮৯| "আমজনতা" শব্দের "আম" উপসর্গ কি হিসেবে ব্যবহৃত হয়েছে? [রাবি ই ১৮-১৯]
ক) বিদেশী খ) তৎসম
গ) খাঁটি বাংলা ঘ) উর্দু উত্তর: ক

৯০| "হাভাতে" শব্দের "হা" উপসর্গ কি হিসেবে ব্যবহৃত হয়েছে? [চবি বি ১৮-১৯]
ক) উপসর্গ খ) অনুসর্গ
গ) প্রত্যয় ঘ) বিভক্তি
উত্তর: ক

৯১| "প্রকান্ড" শব্দের "প্র" উপসর্গ কি হিসেবে ব্যবহৃত হয়েছে? [চবি ঘ ১৮-১৯]
ক) বিভক্তি খ) অনুসর্গ
গ) উপসর্গ ঘ) প্রত্যয়
উত্তর: গ

৯২| ফারসি উপসর্গ গঠিত শব্দ কোনটি? [খুবি বি ১৮-১৯]
ক) খাসখবর খ) অধিকার
গ) লিপাত্তা ঘ) বেতার
উত্তর: ঘ

৯৩| "ফুল" উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়?
ক) সুন্দর অর্থে খ) পূর্ণ অর্থে
গ) বিশেষ অর্থে ঘ) বিবিধ অর্থে
উত্তর: খ

৯৪| কোনটি বাংলা উপসর্গ যুক্ত?
ক) আনকোরা খ) পাতিহাঁস
গ) অনাবৃষ্টি ঘ) সব
উত্তর: ঘ

৯৫| কোন শব্দ বিদেশী উপসর্গ যুক্ত?
ক) নিঁখুত খ) আনমনা
গ) অবহেলা ঘ) নিমরাজি
উত্তর: ঘ

৯৬| "লাপাত্তা" কোন উপসর্গের উদাহরণ?
ক) বাংলা খ) বিদেশী
গ) সংস্কৃত ঘ) ক ও গ
উত্তর: খ

৯৭| কোন শব্দ আরবী উপসর্গযোগে গঠিত?
ক) গরমিল খ) হররোজ
গ) নালায়েক ঘ) কমজোর
উত্তর: ক

৯৮| "বিপদের সম্মুখে নির্ভয়ে থেকো" বাক্যটিতে “সম্মুখে" কোন অনুসর্গ? [বশেমুরপ্রবি ডি ১৮-১৯]
ক) তদ্ভব অনুসর্গ খ) বিদেশী অনুসর্গ
গ) সংস্কৃত অনুসর্গ ঘ) ক্রিয়াজাত অনুসর্গ
উত্তর: গ

৯৯| খাঁটি বাংলা উপসর্গযোগে গঠিত শব্দ কোনটি? [বশেমুরপ্রবি 'ডি' ইউনিট ২০১৮-১৯]
ক) ঊনবিংশ খ) উপকূল
গ) দরখাস্ত ঘ) নির্দেশ
উত্তর: ক

১০০| কোনটি উপসর্গ যোগে গঠিত শব্দ নয়- [ঢাবি ক ইউনিট ২০১৭-১৯]
ক) হরহামেশা খ) হররোজ
গ) হরতাল ঘ) হরদম
উত্তর: গ

১০১| রাতে তিনি ভাতের বদলে রুটি খান।'-এ বাক্যে "বদলে" শব্দটির ব্যাকরণিক পরিচয় কী? [ঢাবি চ ইউনিট ২০১৭-১৮]
ক) অনুসর্গ
খ) অব্যয়
গ) বিশেষণ
ঘ) সর্বনাম
উত্তর: ক

১০২| 'অধ্যক্ষ মহোদয় তার দরখাস্ত গ্রহণ করেননি' । এ বাক্যের 'দরখাস্ত' শব্দটি- [জবি এ ইউনিট ২০১৭-১৮]
ক) উপসর্গ যুক্ত
খ) প্রত্যয় যুক্ত
গ) বিভক্তি যুক্ত
ঘ) অনুসর্গ যুক্ত
উত্তর: ক

১০৩| 'প্রতিদিন' শব্দটিতে 'প্রতি' কি ধরনের উপসর্গ? [জবি ডি ইউনিট ২০১৭-১৮]
ক) বাংলা
খ) সংস্কৃত
গ) বিদেশী
ঘ) কোনোটিই নয়
উত্তর: খ

১০৪| কোন শব্দটি বিদেশি উপসর্গযোগে গঠিত? [জবি ই ইউনিট ২০১৭-১৮]
ক) পরীক্ষা
খ) প্রভাত
গ) অনাবৃষ্টি
ঘ) বেহাত
উত্তর: ঘ

১০৫| 'অভিজ্ঞ' শব্দে 'অভি' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত? [জবি ই ইউনিট ২০১৭-১৮]
ক) গমন
খ) সম্মুখ
গ) ব্যাপ্তি
ঘ) সম্যক
উত্তর: ঘ

১০৬| 'অপভ্রংশ' শব্দটিতে 'অপ'-উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [জাবি জ ইউনিট ২০১৭-১৮]
ক) বিকৃতঅর্থে
খ) সদৃশঅর্থে
গ) অতিক্রম অর্থে
ঘ) অপকর্ষ অর্থ
উত্তর: ক

১০৭| কোনটি বাংলা উপসর্গের উদাহরণ? [চবি 'বি' ইউনিট ২০১৭-১৮]
ক) গর, বদ, বে
খ) প্র, পরা, অপ
গ) অঘা, অজ, পাতি
ঘ) নিম, হাফ, অন
উত্তর: গ

১০৮| বিদেশি উপসর্গের উদাহরণ কোনটি? [চবি 'ডি' ইউনিট ২০১৭-১৮]
ক) অঘা, অজ, পাতি
খ) প্র, পরা, অপ
গ) গর, বদ, বে
ঘ) চলন্ত, নিভন্ত, পড়ন্ত
উত্তর: গ

১০৯| 'হা' উপসর্গ কোন অর্থে ব্যবহৃত হয়?[রাবি ডি ইউনিট ২০১৭-১৮]
ক) কম অর্থে
খ) নিকৃষ্ট অর্থে
গ) হীনতা অর্থে
ঘ) অভাব অর্থে
উত্তর: ঘ

১১০| 'দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে'? "বিনা' শব্দটি- [রাবি ই ইউনিট ২০১৭-১৮]
ক) অনুসর্গ
খ) অব্যয়
গ) সর্বনাম
ঘ) উপসর্গ
উত্তর: ক

১১১| কোনটি বিদেশী উপসর্গ? [রাবি ই ইউনিট ২০১৭-১৮]
ক) বি
খ) বে
গ) সা
ঘ) নি
উত্তর: খ

১১২| অভাব বুঝিয়েছে কোন উপসর্গ? [ঢাবি 'ঘ' ইউনিট ২০১৬-১৭]
ক) বিশুষ্ক খ) বিবর্ণ
গ) অনুজ ঘ) বিক্ষেপ
উত্তর: খ

১১৩| কোনটি উপসর্গযুক্ত শব্দ নয়? [ঢাবি 'ঘ' ইউনিট ২০১৬-১৭]
ক) নির্মাণ খ) নির্মল
গ) নিলাম ঘ) নিতল
উত্তর: গ

১১৪| 'বিমুগ্ধ' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত হয়েছে? [জবি 'বি' ইউনিট ২০১৬-১৭]
ক) প্রত্যয়যোগে খ) সমাসযোগে
গ) উপসর্গযোগে ঘ) সন্ধিযোগে
উত্তর: গ

১১৫| উপসর্গযোগে গঠিত কোন শব্দটির "অনু" সাদৃশ্য অর্থে ব্যবহৃত? [জবি ই ইউনিট ২০১৬]
ক) অনুগামী খ) অনুবাদ
গ) অনুশীলন ঘ) অনুকম্পা
উত্তর: খ

১১৬| কোনটিতে মন্দ অর্থে উপসর্গ প্রযুক্ত হয়েছে? [রাবি সি ইউনিট ২০১৬-১৭]
ক) প্রতিশোধ খ) উপপতি
গ) পরিপন্থি ঘ) অতিকায়
উত্তর: খ

১১৭| তৎসম উপসর্গ কোনটি? [রাবি ই ইউনিট (জোড়) ২০১৬-১৭]
ক) নি খ) ফি
গ) বে ঘ) না
উত্তর: ক

১১৮| 'বিনির্মাণ' শব্দে "বি' উপসর্গ কী অর্থে ব্যবহৃত হয়েছে? [রাবি ই" ইউনিট (বিজোড়) ২০১৬-১৭]
ক) নতুন খ) নেতিবাচক
গ) ইতিবাচক ঘ) প্রসারণ
উত্তর: গ

১১৯| কোনগুলো উপসর্গ? [চবি 'বি১' ইউনিট ২০১৬-১৭]
ক) ইক, অক, অন খ) চল্, নে, গে
গ) প্র, পরা, অপ ঘ) র, তে, দের
উত্তর: গ

১২০| কোনটি বি-উপসর্গযোগে গঠিত শব্দ নয়? [চবি ই' ইউনিট ২০১৬-১৭]
ক) বিপদ খ) বিদ্বান
গ) বিকাশ ঘ) বিজয়
ঙ) বিগত
উত্তর: খ

১২১| "প্রতিকৃতি" শব্দটির উপসর্গ কোন অর্থে ব্যবহৃত? [ঢাবি 'খ' ইউনিট ২০১৫-১৬]
ক) সাদৃশ্য খ) বিপরীত
গ) ভিন্ন ঘ) সম্মুখ
উত্তর: ক

১২২| 'উপ' উপসর্গ কোন শব্দে হীন অর্থে ব্যবহৃত- [ঢাবি 'চ' ইউনিট ২০১৫-১৬]
ক) উপকূল খ) উপকণ্ঠ
গ) উপদেবতা ঘ) উপকার
উত্তর গ